

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৩৭

তারিখ: ২২ অগ্রহাষণ ১৪৩০

০৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৪০/২০২৩ (রিট পিটিশন নং-৪৬২০/২০২০ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব সেলিনা আক্তার, সিনিয়র সহকারী শিক্ষক (বাংলা), আলমদস্তার আদর্শ উচ্চ বিদ্যালয়, রাজৈর, মাদারীপুর বেতন-ভাতাদি বকেয়াসহ প্রাপ্তির বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগে মামলা (রিট পিটিশন নং- ৪৬২০/২০২০) দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগের মামলার (রিট পিটিশননং-৪৬২০/২০২০) রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৪০/২০২৩ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে বিবাদী করা হয়েছে।

২.০ এমতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৪০/২০২৩ (রিট পিটিশন নং-৪৬২০/২০২০ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) কনটেম্পট পিটিশন নং-৩৪০/২০২৩ (রিট পিটিশন নং-৪৬২০/২০২০ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগকরণ;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৭-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৫৫১০১১৬৯


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৩৭/১(৩)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব